গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং: ৩২.০২.০০০০.০০৭.২৩.০৩৭.২৩. ৪৫৭ | তারিখ: ৩০/১০/২০২৪

বিষয়: জাতীয় মহিলা সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি এর বাস্তবায়ন কর্ম-পরিকল্পনার ২০২৪ - ২০২৫ অর্থবছরের (জুলাই- সেপ্টেম্বর) ২০২৪ এর ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জাতীয় মহিলা সংস্থার ২০২৪ - ২০২৫ অর্থবছরের (জুলাই- সেপ্টেম্বর) ২০২৪ পর্যন্ত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) এর বাস্তবায়ন কর্ম-পরিকল্পনার হালনাগাদ প্রতিবেদন মন্ত্রণালয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ১০ (দশ) ফর্দ।

৩/১০/২৪

(শাহীনা সারমিন)
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় মহিলা সংস্থা
ফোন: ২২২২২২৩৪১।

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: কার্যার্থে:

০১। জনাব বিনয় কুমার রায়
প্রশিক্ষক (কম্পউটার), জামস।

জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
ই-মেইল: hq@jms.gov.bd.
ওয়েবসাইট: www.jms.gov.bd
www.my.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

১. ভিশন ও মিশন

- রূপকল্প: (vision) : নারীর ক্ষমতায়ন ও সুরক্ষা।
- অভিলক্ষ্য: (mission) : নারীর ক্ষমতায়ন, প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি ও উন্নয়নের মুল ধারায় সম্পৃক্তকরণ।

২. প্রতিশ্রুত সেবা

২.১ নাগরিক সেবা

**১৯৯১ সনের ৯ নং আইনের ৯৩ (১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় মহিলা সংস্থা প্রতিষ্ঠিত হয়।**

| নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | তথ্য প্রদান | নাগরিক সেবা প্রত্যাশীদের নিকট হতে সরাসরি কিংবা ই-মেইলে আবেদনপত্র প্রাপ্তির পর চাহিত তথ্য সংরক্ষিত থাকলে তার চাহিত মাধ্যমে ডাকযোগে বা ই-মেইলে তথ্য প্রদান করা হয়;<br>তবে চাহিত তথ্য সংস্থার যে কোন শাখা সংশ্লিষ্ট হলে সংশ্লিষ্ট শাখা হতে তথ্য সংগ্রহপূর্বক প্রদান করা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ এ উল্লিখিত নির্ধারিত ফরম তথ্য কমিশনের ওয়েবসাইটে www.jms.gov.bd<br>www.mygov.bd<br>এ তথ্য অধিকার সেবা বক্সে আবেদন পত্র পাওয়া যাবে। | 'তথ্য অধিকার আইন' অনুসারে জন প্রতি পৃষ্ঠা ০২ (দুই) টাকা অথবা প্রকৃত খরচ ট্রেজারি চালানের মাধ্যমে কোড নং ১-৪৫৪১-০০০০-২৬৮১ এ জমা দিতে হবে। | আবেদন প্রাপ্তির ২০ কার্যদিবসের মধ্যে এবং ৩য় পক্ষের সংশ্লিষ্টতা থাকলে ৩০ কার্যদিবসের মধ্যে। | তথ্য প্রদান কর্মকর্তা:<br>জনাব মো: সামছুল হক<br>প্রকাশনা কর্মকর্তা<br>জাতীয় মহিলা সংস্থা<br>মোবাইল: ০১৭৩১৫১২৩৮১<br>samsul.jms81@gmail.com<br>বিকল্প কর্মকর্তা:<br>জনাব আনন্দ তংচংগ্যা<br>জেলা কর্মকর্তা<br>মোবাইল: ০১৫৫৩৭৪৩৭২৮<br>Email: ananda19@gmail.com. |

| ং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| । | আর্থ-সামাজিক উন্নয়ন ও সামাজিক সুরক্ষা সহযোগিতা প্রদান | স্বকর্ম সহায়ক ঋণ কার্যক্রম (মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ তহবিল হতে প্রাপ্ত অর্থ দ্বারা পরিচালিত, সংস্থার জেলা/ উপজেলা কার্যালয় হতে প্রস্তাব প্রাপ্তির পর সংস্থার প্রধান কার্যালয়ে গঠিত কমিটি কর্তৃক ঋণ প্রস্তাব যাচাই বাছাই করে অসচ্ছল, পিছিয়ে পড়া, বেকার কিন্তু কর্মক্ষম ও উদ্যোগী মহিলাদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে ১০% সার্ভিস চার্জে এককভাবে ৩,০০০/- টাকা থেকে ৫,০০০/- টাকা এবং দলগতভাবে ২৫,০০০/- টাকা পর্যন্ত ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়। ২০২৪ -২০২৫ অর্থবছরের (জুলাই- সেপ্টেম্বর/২৪) পর্যন্ত ৩২ জনের মাঝে ২,২৫,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। | প্রাপ্তিস্থান: আবেদন ফরম, জাতীয় মহিলা সংস্থার কেন্দ্র, জেলা ও উপজেলা কার্যালয় হতে সংগ্রহ করা যাবে এবং সংস্থার ওয়েবসাইট www.jms.gov.bd/ www.mygov.bd থেকে download করা যাবে।<br>আবেদন পত্রের সাথে<br>ক) ০২ কপি পার্সপোর্ট সাইজের ছবি।<br>খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।<br>গ) জামিনদারের অঙ্গীকারনামা এবং<br>ঘ) ব্যাংক হিসাব নং জমা দিতে হবে। | গৃহীত ঋণের বিপরীতে ১০% সার্ভিস চার্জ নেয়া হয়।<br>গ্রেস পিরিয়ড ০৩ মাস।<br>০২ মাস পরে কিস্তি আদায় শুরু হয়। মোট ২০ কিস্তিতে ঋণের সমপরিমান মাসিক কিস্তি আদায়। | আবেদন প্রাপ্তির ৩০ কার্যদিবসের মধ্যে। | মোছা: মমতা পারভীন<br>জেলা কর্মকর্তা<br>জাতীয় মহিলা সংস্থা<br>মোবাইল: ০১৭৭২৪৯৫৯৮৫ এবং<br>Email: mparvinjms@gmail.com<br>চেয়ারম্যান/জেলা ও উপজেলা কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।<br>কুলসুম আক্তার, মাঠ সমন্বয়কারী, জামস।<br>মোবাইল: ০১৯১৪৪৫৯২১০। |
| । | মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা | জাতীয় মহিলা সংস্থার ৫০ টি উপজেলা কার্যালয় এবং ৫৮ টি জেলা সদর উপজেলা কার্যালয় নিয়ে মোট ১০৮ টি জেলা/উপজেলা কার্যালয়ের মাধ্যমে মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সংস্থার সংশ্লিষ্ট জেলা ও উপজেলা কার্যালয় কর্তৃক ঋণ প্রস্তাব যাচাই বাছাই করে দুঃস্থ, স্বামী পরিত্যক্তা, বিধবা এবং অবিবাহিত মহিলাদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে ৫% সার্ভিস চার্জে মাথাপিছু ২৫,০০০/- টাকা থেকে ৭৫,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়। | প্রাপ্তিস্থান: আবেদন ফরম, জাতীয় মহিলা সংস্থার জেলা ও উপজেলা কার্যালয় হতে সংগ্রহ করা যাবে এবং সংস্থার ওয়েবসাইট : www. jms. gov.bd/ www.mygov.bd থেকে download করা যাবে।<br>আবেদন পত্রের সাথে<br>ক) ০২ কপি সদ্য তোলা পার্সপোর্ট সাইজের সত্যায়িত ছবি।<br>খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।<br>গ) জামিনদারের অঙ্গীকারনামা এবং<br>ঘ) ব্যাংক হিসাব নং জমা দিতে হবে। | গৃহীত ঋণের বিপরীতে ৫% সার্ভিস চার্জ নেয়া হয়।<br>২.৫% সঞ্চয় করা হয় এবং ২.৫% ব্যবস্থাপনা ব্যয় বাবদ খরচ করা হয়।<br>মুলধন থেকে ঘুর্ণায়মান তহবিলের বিপরীতে ঋণ প্রদান করা হয়ে থাকে। | ৪৫ কার্যদিবসের মধ্যে।<br>গ্রেস পিরিয়ড ০২ মাস।<br>ঋণের কিস্তি আদায়ের সিলিং বৃদ্ধি করতে হবে।<br>০১ বছরে ১০ কিস্তি এবং ০২ বছরে ২২ কিস্তিতে আদায় যোগ্য। | জনাব নীহার বেগম<br>প্রশাসনিক কর্মকর্তা<br>জাতীয় মহিলা সংস্থা<br>মোবাইল: ০১৭১৬৬২০৩৪৪ - এবং<br>ই-মেইল: niherdjms@gmail.com<br>মোছা: মমতা পারভীন<br>জেলা কর্মকর্তা<br>জাতীয় মহিলা সংস্থা<br>মোবাইল: ০১৭৭২৪৯৫৯৮৫ এবং<br>Email: mparvinjms@gmail.com |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মুল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০৪। | নারী নির্যাতন প্রতিরোধ সেলের মাধ্যমে সহযোগিতা প্রদান | নারী নির্যাতন প্রতিরোধ ও নারীর অধিকার আদায়ের লক্ষ্যে জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ে একটি "নারী নির্যাতন প্রতিরোধ সেল" রয়েছে। প্রাপ্ত অভিযোগ নিয়ে সপ্তাহে দুই দিন সালিশী বৈঠক অনুষ্ঠিত হয়। নির্যাতিত দু:স্থ ও অসহায় মহিলা যারা বিচার পেতে অসমর্থ তাদেরকে বিনা খরচে আইনগত সহায়তা প্রদান করা হয়। ২০২৪ - ২০২৫ অর্থবছরের (জুলাই-সেপ্টেম্বর/২৪) পর্যন্ত আবেদন নিস্পত্তি হয়েছে-৫২ টি, বিবাদীর নিকট থেকে আদায় হয়েছে-৪,৮০,০০০/- (চার লক্ষ আশি হাজার) টাকা। | আবেদন ফরম:<br>জাতীয় মহিলা সংস্থা<br>প্রধান কার্যালয় ও ৬৪ টি জেলা কার্যালয় অথবা সরাসরি আবেদন; সংস্থার ওয়েবসাইট www.jms.gov. bd/ www.mygov.bd থেকে download করা যাবে।<br>আবেদনকারী আবেদনের সাথে কাবীননামা ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করবেন। | বিনামুল্যে সেবা দেয়া হয়। | আবেদন প্রাপ্তির ৩০ কার্যদিবসের মধ্যে। | এ্যাডভোকেট তানিয়া বখ্‌শ,<br>আইন কর্মকর্তা, জামস।<br>ফোন: ২২২২৩০০৩<br>মোবাইল: ০১৭১২৮৯৮৪৩২।<br>ই-মেইল:<br>taniabaksh@gmail.com |
| ০৫। | আইনগত সহায়তা প্রদান | নারী নির্যাতন প্রতিরোধকল্পে জাতীয় মহিলা সংস্থার ৬৪ টি জেলা এবং ৫০ টি উপজেলা শাখায় উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। ২০২৪ - ২০২৫ অর্থবছরের (জুলাই- সেপ্টেম্বর/২৪) পর্যন্ত ৪৮ টি উঠান বৈঠকে অংশগ্রহনকারী ১,৪১০ জন মহিলাকে সচেতনতামুলক কার্যক্রমসহ আইনগত বিষয়ে সচেতন করা হয়। | জাতীয় মহিলা সংস্থার জেলা ও উপজেলা কার্যালয় হতে আবেদন ফরম সংগ্রহ অথবা সংস্থার ওয়েবসাইট www.jms.gov.bd/ www.mygov.bd থেকে download করা যাবে।<br>আবেদনকারী আবেদনের সাথে কাবীন নামার ফটোকপি সংযুক্ত করবেন। | বিনা মুল্যে সেবা দেয়া হয়। ত্রৈমাসিক কমিটির সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/ পরিকল্পনা অনুষ্ঠিত হয়। | জেলা ও উপজেলা কার্যালয়ে বছরে ০৪ বার করে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়ে থাকে। | জনাব মোঃ সামছুল হক<br>প্রকাশনা কর্মকর্তা<br>মোবাইল: ০১৭৩১৫১২৩৮১<br>samsul.jms81@gmail.com<br>এবং জেলা শাখায় সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।<br>জনাব মাছুমা বেগম, মুল্যায়ন কর্মকর্তা<br>মোবাইল: ০১৭২০২৫৬২৪৫। |
| ০৬। | শহীদ আইভি রহমান কর্মজীবি মহিলা হোস্টেলে আবাসন সহায়তা প্রদান | কর্মজীবি মহিলাদের নিরাপদ আবাসন সংকট নিরসনে সংস্থার প্রধান কার্যালয়, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকায় ২০২ আসন বিশিষ্ট শহীদ আইভি রহমান কর্মজীবি মহিলা হোস্টেল পরিচালনা করা হচ্ছে। সীট খালি থাকা সাপেক্ষে সীট বরাদ্ধ কমিটি প্রাপ্ত আবেদন পত্র যাচাই বাছাই করে সীট বরাদ্ধ প্রদান করেন।<br>অনলাইনের মাধ্যমে সীট বরাদ্দের আবেদন গ্রহণ করা হয়, যাচাই বাছাই কমিটি সীট বরাদ্দের সুপারিশ করতে পারেন। | ক) আবেদন ফরম প্রাপ্তির স্থান: শহীদ আইভি রহমান কর্মজীবি মহিলা হোস্টেল, ১৪৫, নিউ বেইলী রোড, সংস্থার প্রধান কার্যালয়, ঢাকা-১০০০।<br>www.jms.gov.bd<br>www.jmshostel.gov.bd<br>খ) আবেদন কারী নিম্নোক্ত তথ্যাদি সংযুক্ত করবেন।<br>১) জাতীয় পরিচয়পত্র।<br>২) নিয়োগপত্র।<br>৩) বেতন শীট।<br>৪) হাজিরা শীট।<br>৫) স্থানীয় অভিভাবকের প্রত্যয়নপত্র। | কক্ষ/মাসিক সীট ভাড়া:<br>সিংগেল=৪,৬৫০/-<br>ডাবল= ৩,৬৫০/-<br>৪ সীট=২,৯০০/-<br>৬ সীট= ২,২০০/-<br>৭ সীট= ২,০৫০/- টাকা।<br>প্রতি মাসের ১০ তারিখের মধ্যে ভাড়া পরিশোধ করতে হবে।<br>আবেদনকারী অনলাইনের মাধ্যমে ভাড়া পরিশোধ করতে পারবেন। | প্রতি মাসে সীট বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করা হয়। | জনাব মাছুমা বেগম,<br>মুল্যায়ন কর্মকর্তা<br>মোবাইল: ০১৭২০২৫৬২৪৫। ও<br>হোস্টেল সুপার<br>শহীদ আইভি রহমান কর্মজীবি মহিলা হোস্টেল<br>জাতীয় মহিলা সংস্থা<br>ফোনঃ ০২- ৫৮৩১৪৯৬৪<br>ই- মেইল:<br>jmshostel@gmail.com |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০৭। | শিশু দিবা যত্ন কেন্দ্র পরিচালনা | কর্মজীবি মায়েদের/অভিভাবকদের জন্য তাদের কার্যকালীন সময়ে নিরাপদ আশ্রয়ে শিশুকে রাখার ব্যবস্থা হিসেবে সংস্থার প্রধান কার্যালয়, ঢাকায় ৫০ আসন বিশিষ্ট শিশু দিবা যত্ন কেন্দ্রে ০১ বছর থেকে ০৬ বছর বয়সী শিশুদের প্রি-স্কুল শিক্ষা, শারীরিক ও মানসিক বিকাশের জন্য খেলাধুলা ও চিত্ত বিনোদনের ব্যবস্থা রয়েছে। সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ০৮.৩০ মি. থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত শিশু দিবা যত্ন কেন্দ্রটি খোলা থাকে। | ক) আবেদন ফরম প্রাপ্তির স্থান:<br>শিশু দিবাযত্ন কেন্দ্র,<br>১৪৫ নিউ বেইলী রোড,<br>সংস্থার প্রধান কার্যালয়, ঢাকা।<br>www.jms.gov.bd/<br>www.mygov.bd<br>খ) আবেদন কারী নিম্নোক্ত তথ্যাদি সংযুক্ত করবেন।<br>ক) জাতীয় পরিচয়পত্র<br>খ) শিশুর জন্ম সনদ<br>ঙ) প্রতিটি শিশুর জন্য অভিভাবকের প্রত্যয়নপত্র যাচাই এর মাধ্যমে ভর্তি। | মাসিক ৮০০/- টাকা হারে খরচ নেয়া হয়। ভর্তি ফি - ১,৫০০/- টাকা।<br>প্রতি মাসের ১০ তারিখের মধ্যে সেবা মূল্য ৮০% পরিশোধ করতে হবে। পরিশোধ প্রাপ্তি ম্যানুয়েল এর মাধ্যমে। | আবেদনের তারিখ হতে ০৫ দিনের মধ্যে। | নাসরিন সুলতানা<br>ডেকেয়ার ইনচার্জ,<br>শিশু দিবা যত্ন কেন্দ্র<br>জাতীয় মহিলা সংস্থা, ঢাকা<br>মোবাইল: ০১৬৩৮৭৯৫৮৮৯<br>ই- মেইল:<br>daycare.jms@gmail.com |
| ০৮। | অডিটোরিয়াম ভাড়া ও ব্যবহারের অনুমতি প্রদান | জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ের ৩য় তলায় ৩০০ আসন বিশিষ্ট এক সুবিন্যস্ত শীতাতপ নিয়ন্ত্রিত আধুনিক অডিটোরিয়াম রয়েছে। যে কোন সভা/ সেমিনার/সাংস্কৃতিক অনুষ্ঠান করার জন্য অডিটোরিয়ামটি দৈনিক ভাড়ার ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হয়। উল্লেখ্য যে, অত্র ভবনে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ৩০০ কেভিএ জেনারেটর চালু রয়েছে। | প্রয়োজনীয় তথ্যাদি সংস্থার প্রধান কার্যালয়, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা হতে অথবা www.jms.gov.bd/ www.mygov.bd হতে ডাউন লোড করা যাবে।<br>১। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।<br>২। আবেদনকারীর ০১ কপি ছবি।<br>৩। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি। | সেবা প্রদান পদ্ধতি অডিটোরিয়ামটি দিবা কালীন- ভ্যাট + ট্যাক্সসহ ২৫,০০০/- টাকা ভাড়ায় বরাদ্দ প্রদান করা হয়। সান্ধ্য কালীন -ভ্যাট+ ট্যাক্সসহ ১৫,০০০/- টাকা । | আবেদনের তারিখ হতে ০৩ দিনের মধ্যে। | জনাব মো: জহিরুল ইসলাম চৌধুরী<br>নির্বাহী অফিসার (সংযুক্ত) প্রশাসন,<br>জাতীয় মহিলা সংস্থা, ঢাকা<br>মোবাইল: ০১৬৮৪৮৫৪৩৯৬<br>Email:<br>johirulislamcho@gmail.com |
| ০৯। | কনফারেন্স কক্ষ | জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ের ৭ম তলায় ৬০ আসনের একটি শীতাতপ নিয়ন্ত্রিত আধুনিক কনফারেন্স/সেমিনার কক্ষ রয়েছে। যে কোন সভা/ সেমিনার/কর্মশালা আয়োজনের লক্ষ্যে দৈনিক ভাড়ার ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হয় । উল্লেখ্য যে, অত্র ভবনে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ৩০০ কেভিএ জেনারেটর চালু রয়েছে। | প্রয়োজনীয় তথ্যাদি সংস্থার প্রধান কার্যালয়, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা হতে অথবা www.jms.gov.bd হতে ডাউন লোড করা যাবে।<br>১। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।<br>২। আবেদনকারীর ০১ কপি ছবি।<br>৩। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি। | কনফারেন্স রুমটি দৈনিক ১৫,০০০/- টাকা ভাড়ায় বরাদ্দ প্রদান করা হয়। (ভ্যাট+ট্যাক্স ব্যতীত)। | আবেদনের তারিখ হতে ০৩ দিনের মধ্যে। | জনাব মো: জহিরুল ইসলাম চৌধুরী<br>নির্বাহী অফিসার (সংযুক্ত) প্রশাসন,<br>জাতীয় মহিলা সংস্থা, ঢাকা<br>মোবাইল: ০১৬৮৪৮৫৪৩৯৬<br>Email:<br>johirulislamcho@gmail.com |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মুল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১০। | কম্পিউটার ল্যাব | ২০ টি কম্পিউটার, মাল্টিমিডিয়া প্রজেক্টর এবং সার্বক্ষনিক ইন্টারনেট ও Wi-Fi সুবিধা বিশিষ্ট একটি অত্যাধুনিক কম্পিউটার ল্যাব রয়েছে।<br>প্রশিক্ষণের জন্য ল্যাব ভাড়া দেয়া হয়। | প্রয়োজনীয় তথ্যাদি সংস্থার প্রধান কার্যালয়, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা হতে অথবা www.jms.gov.bd/ হতে ডাউন লোড করা যাবে।<br>১। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।<br>২। আবেদনকারীর ০১ কপি ছবি।<br>৩। আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি। | কম্পিউটার ল্যাব টি দৈনিক ভাড়া ভ্যাট+ট্যাক্সসহ মোট ১২,০০০/- টাকায় বরাদ্দ প্রদান করা হয়। | আবেদনের তারিখ হতে ০৩ দিনের মধ্যে। | জনাব মো: জহিরুল ইসলাম চৌধুরী<br>নির্বাহী অফিসার (সংযুক্ত) প্রশাসন, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা<br>মোবাইল: ০১৬৮৪৮৫৪৩৯৬<br>Email: johirulislamcho@gmail.com |
| ১১। | তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)। ২০২৪-২৫ অর্থবছরের (জুলাই-সেপ্টেম্বর)/২৪ পর্যন্ত। | তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর প্রতিষ্ঠিত দেশের ৪৯২ টি উপজেলায় ৪৯২ টি তথ্যকেন্দ্রে সার্বক্ষণিক ইন্টারনেট সংযোগ রয়েছে। স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, ব্যবসা, আইনী সহায়তা, জেন্ডার উপরোক্ত ০৬ টি বিষয়ের আওতায় গামীণ মহিলাদের বিনা মুল্যে বিভিন্ন সেবা প্রদান করা হয়ে থাকে। প্রকল্পের উপকারভোগীগণকে বিনামূল্যে ইন্টারনেট ব্রাউজিং, ই-মেইল, স্কাইপের মাধ্যমে ভিডিও কনফারেন্সিং সেবা প্রদান করা হচ্ছে।<br>এছাড়াও চাকরির খবর, বিভিন্ন পরীক্ষার ফলাফল, সরকারি বিভিন্ন সেবাসমূহের তথ্য বিনামূল্যে সরবরাহ করা হচ্ছে। তথ্যকেন্দ্রসমূহ হতে বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্য সেবাসমূহ যেমন; ব্লাড প্রেসার, ওজন পরিমাপ, ডায়াবেটিস পরীক্ষা ইত্যাদি প্রদান করা হয়।<br>প্রতিটি তথ্য কেন্দ্রে নিয়োজিত তথ্যসেবা কর্মকর্তা ও তথ্যসেবা সহকারীগণ সংশ্লিষ্ট উপজেলার বাড়ি-বাড়ি গিয়ে ল্যাপটপ ব্যবহারের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার এবং কৃষি বিষয়ক বিভিন্ন সমস্যার সমাধান করেন এবং স্কাইপের মাধ্যমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলার সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তার সাথে সেবাগ্রহীতার কথোপকথনের মাধ্যমে সমস্যার দ্রুত ও কার্যকরী সমাধান করে থাকেন।<br>তথ্যকেন্দ্রের মাধ্যমে তথ্যসেবা প্রদানের পাশাপাশি উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলার অন্যান্য দপ্তরের দপ্তর প্রধানদের নিয়ে সেবাগ্রহীতাদের জন্য বিভিন্ন গ্রামের | www.totthoapa.gov.bd<br>www.laalsobuj.com | বিনা মুল্যে | প্রযোজ্য নয় | জনাব শাহনাজ বেগম নীনা<br>প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)<br>ফোন: ০২-৪৮৩১১৫২১<br>মোবাইল: ০১৫৫২৩২২৪৭১<br>pd@totthoapa.gov.bd |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | নির্ধারিত স্থানে উঠান বৈঠক আয়োজন করে গ্রামীণ তৃণমূল মহিলাদের আধুনিক প্রযুক্তি সম্পর্কে সচেতন করে তোলা হচ্ছে। গ্রামীণ মহিলাদের জীবন ও জীবিকা সম্পর্কিত বিভিন্ন বিষয় যেমন: স্বাস্থ্যগত সমস্যা, বাল্যবিবাহ, যৌতুক নিরোধ আইন, নারী নীতি, ফতোয়া, নারীর বিরুদ্ধে সহিংসতা, চাকরি সংক্রান্ত তথ্য, আইনগত সমস্যা এবং ডিজিটাল সেবাসমূহের নানাদিক (ই-মেইল, ভিডিও কনফারেন্স) সম্পর্কে অবহিত করা হয়।<br>প্রতিটি তথ্যকেন্দ্রে ০১ জন তথ্যসেবা কর্মকর্তা ও ০২ জন তথ্যসেবা সহকারী ডোর টু ডোর সেবার মাধ্যমে ২৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত ১,৭৪,৪৩,৬১১ জন গ্রামণি নারীদের সেবা প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট উপজেলার বাড়ি গিয়ে ল্যাবটপ ব্যবহারের মাধ্যমে উঠান বৈঠকে উপস্থিত গ্রামীণ মহিলাদের ইন্টারনেট এর বাস্তব ব্যবহারের মাধ্যমে সেবা প্রাপ্তির পদ্ধতি প্রদর্শন করেন।<br>**ই-কমার্স মার্কেটপ্লেস:**<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন তথ্য আপা প্রকল্পের মাধ্যমে গ্রামীণ উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বিক্রয়ের উদ্দেশ্যে করার লক্ষ্যে **"লালসবুজ ডটকম"(www.laal sobuj. com)** নামে একটি ই-কমার্স মার্কেটপ্লেস তৈরি করা হয়েছে। তথ্য আপাদের সহায়তায় ইতোমধ্যে সারাদেশে ১৯,৮১০ (উনিশ হাজার আটশত দশ) জন এর বেশি নারী উদ্যোক্তা মার্কেটপ্লেসে নিবন্ধিত হয়ে তাদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয় করেছেন।প্লাট ফর্মটিতে পণ্য ক্রয় - বিক্রয় কার্যক্রম চলমান আছে। | | | | |
| ১২। | তৃনমুল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প | বেকার ও সুবিধাবঞ্চিত নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, আত্ম-নির্ভরশীলতা অর্জনে উদ্বুদ্ধ ও সহায়তা প্রদানের পাশাপাশি নারী সমাজকে মানব সম্পদে পরিণত করার লক্ষ্যে জানুয়ারী ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২৫ মেয়াদে ৪২৭৯৭.৭৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে তৃণমুল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। এই প্রকল্পের আওতায় জানুয়ারী ২০২১ থেকে ৬৪ টি জেলায় ৮০ টি প্রশিক্ষণ | ৮০ টি প্রশিক্ষণ কেন্দ্র এবং প্রকল্পের ওয়েবসাইটে ভর্তি সংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে।<br>www.pweeegl.gov.bd<br>দেশের ৬৪ টি জেলা থেকে অনলাইনে আবেদন করা যায়। | সম্পূর্ণ বিনামূল্যে প্রশিক্ষণ দেয়া হবে। | ফ্যাশন ডিজাইন, ক্যাটারিং, বিউটিফিকেশন, ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট ম্যানেজমেন্ট এই ০৪ টি কোর্সের | জনাব প্রভাষ চন্দ্র রায়<br>প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)<br>ফোনঃ ০২- ৫৮৩১১৭৮৭<br>মোবাইল: ০১৭১১০৫৫২০৭<br>ই-মেইলঃ<br>pd@ pweeegl.gov.bd<br>ও |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | কেন্দ্রের মাধ্যমে ফ্যাশন ডিজাইন, ক্যাটারিং, বিউটিফিকেশন, ইন্টেরিয়র ডিজাইন এন্ড ইভেন্ট ম্যানেজমেন্ট, বেবী কেয়ার, হাউজ কিপিং এবং বিজনেস ম্যানেজমেন্টসহ ০৭ টি বিষয়ে ২,৫৬,০০০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রকল্পের আওতায় প্রশিক্ষণের জন্য দৈনিক ১৫০/- টাকা হারে ভাতা প্রদান করা হয়।<br><br>ক) প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা: ২০২৪-২৫ অর্থবছরের ডিপিপি এবং APAঅনুযায়ী ৫১,২০০ জনকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে।ডিপিপিতে সংস্থানকৃত প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা বাস্তবায়নের জন্য আরএডিপিতে ১০৫০০.০০ লক্ষ (একশত পাঁচ কোটি) টাকা বাজেট বরাদ্দ পাওয়া গিয়েছে।<br><br>প্রশিক্ষণ অগ্রগতি: তৃনমুল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প এর আওতায় ২০২৪-২৫ অর্থবছরে ৮০ টি প্রশিক্ষণ কেন্দ্রে ০৭ টি বিষয়ে প্রতিটি ব্যাচে ২৫ জন করে ২৪০৫ ব্যাচে ৬০,১২৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>খ) অন্যান্য অগ্রগতি:<br>খ-১) নারী উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন ও অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে প্রকল্পের উদ্যোগে ৮০ টি বিউটি পার্লারের মধ্যে ১৯টি, ৮০ টি ফুড কর্ণারের মধ্যে ১৮ টি এবং ৮০ টি বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্রের মধ্যে ১৭ টি ইতোমধ্যে স্থাপন করা হয়েছে। অবশিষ্ট বিউটি পার্লার, ফুড কর্ণার এবং বিক্রয় ও প্রদর্শনী কেন্দ্র পর্যায়ক্রমে স্থাপন করা হচ্ছে।<br>খ-২) প্রশিক্ষণ কেন্দ্রের সকল প্রশিক্ষণার্থীদের ডাটাবেইজ সফটওয়্যার এর কাজ সম্পন্ন হয়েছে। | | | মেযাদ ৮০ দিন এবং বেবী কেয়ার, হাউজ কিপিং এবং বিজনেস ম্যানেজমেন্ট এন্ড ই-কমার্স এই ০৩ টি কোর্সের মেয়াদ ৪০ দিন। | ৮০ টি প্রশিক্ষণ কেন্দ্রের ৮০ জন প্রশিক্ষণ কর্মকর্তাগণ।<br>www.pweeegl.gov.bd |

## ২.২) আভ্যন্তরীন সেবা:

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০১। | লাইব্রেরী সেবা প্রদান। | জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ে সাহিত্য, জীবনী গ্রন্থ, চাকুরী সংশ্লিষ্ট, বিজ্ঞান বিষয়ক গ্রন্থাবলী, ইসলামিক গ্রন্থ, জেন্ডার সংশ্লিষ্ট গ্রন্থ, রাষ্ট্র বিজ্ঞান, বাংলাদেশের মুক্তিযুদ্ধ ইত্যাদিসহ বিভিন্ন বিষয়ে প্রায় ৪,০০০ (চার) হাজার গ্রন্থ সম্বলিত একটি সমৃদ্ধ লাইব্রেরী রয়েছে। যে কোন কর্মদিবসে সকাল ০৯.০০ টা থেকে বিকেল ০৪.০০ টা পর্যন্ত বই পড়ার সুযোগ রয়েছে। এ ছাড়াও সংস্থার কর্মকর্তা/ কর্মচারীগণের লাইব্রেরীর সদস্য হয়ে বই নেয়ার সুযোগ আছে। (বর্তমান অফিস সময়ে) সকাল ০৯.০০ টা থেকে বিকেল ০৪.০০ টা পর্যন্ত বই পড়ার সুযোগ রয়েছে। | - | বিনা মূল্যে সেবা গ্রহন করা যাবে। | সদস্য হওয়ার আবেদন/ প্রস্তাব প্রাপ্তির ১৫ দিন। প্রতি কর্মদিবসে সকাল ০৯.০০ টা থেকে বিকেল ০৪.০০ টা পর্যন্ত। | মুহাম্মদ আবদুল্লাহ আল কবির<br>লাইব্রেরীয়ান<br>জাতীয় মহিলা সংস্থা<br>ফোন : ০১৮৫৬৪১৯২৬০<br>মোবাইল: ০১৮৫৬৪১৯২৬০<br>ইমেইল:<br>abdullahalkabirf@gmail.com |
| ০২। | পিআরএল/ ল্যাম্পগ্রান্ট মঞ্জুর করা হয়। | ক) সরাসরি নির্বাহী পরিচালক বরাবরে আবেদনের প্রেক্ষিতে (যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে) ছুটি অনুমোদন।<br>খ) শৃঙ্খলা ও অডিট নিস্পত্তি সংক্রান্ত প্রতিবেদন ।<br>গ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা। | ১) সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন।<br>২) ছুটি প্রাপ্যতা সংশ্লিষ্ট প্রমানপত্র।<br>৩) ছুটি প্রাপ্যতার প্রত্যয়ন (ঘোষিত কর্মকর্তার ক্ষেত্রে) এস,এস,সি পাশের সনদ। | বিনামূল্যে | ১৫ (পনের) কার্যদিবস। | জনাব মো: জহিরুল ইসলাম চৌধুরী<br>নির্বাহী অফিসার (সংযুক্ত) প্রশাসন,<br>জাতীয় মহিলা সংস্থা, ঢাকা<br>মোবাইল: ০১৬৮৪৮৫৪৩৯৬ ও<br>জনাব মো: কামরুজ্জামান<br>জেলা কর্মকর্তা, (সংযুক্ত), প্রশাসন,<br>জাতীয় মহিলা সংস্থা।<br>মোবাইল: ০১৭২৭৩৬৮৩৫৫ |
| ০৩। | আনুতোষিক মঞ্জুর | ক) সরাসরি নির্বাহী পরিচালক বরাবরে আবেদনের প্রেক্ষিতে (যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে) ছুটি অনুমোদন।<br>খ) শৃঙ্খলা ও অডিট নিস্পত্তি সংক্রান্ত প্রতিবেদন যাচাই।<br>গ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা। | ক) সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন (আনুতোষিক ফরম, নমুনা স্বাক্ষর ও হাতের ৫ আঙ্গুলের ছাপ ইত্যাদি সংযুক্তসহ)।<br>খ) প্রত্যাশিত শেষ বেতন সনদ, চাকুরী বিবরণী, না দাবীপত্র, অডিট অনাপত্তি।<br>গ) প্রাপ্তব্য আনুতোষিকের বৈধ উত্তরাধিকারী ঘোষনাপত্র।<br>ঘ) পেনশন সহজীকরণ ২০০৯ মোতাবেক অন্যান্য কাগজপত্র। | বিনা মূল্যে | ১৫ (পনের) কার্যদিবস। | জনাব মো: জহিরুল ইসলাম চৌধুরী<br>নির্বাহী অফিসার (সংযুক্ত) প্রশাসন,<br>জাতীয় মহিলা সংস্থা, ঢাকা<br>মোবাইল: ০১৬৮৪৮৫৪৩৯৬ ও<br>জনাব মো: কামরুজ্জামান<br>জেলা কর্মকর্তা, (সংযুক্ত), প্রশাসন,<br>জাতীয় মহিলা সংস্থা।<br>মোবাইল: ০১৭২৭৩৬৮৩৫৫ , ই-মেইল:<br>kamruzzaman768@gmail.com |

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০৪। | কর্মকর্তা/ কর্মচারীদের ছুটি সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন | ছুটি বিধিমালা অনুযায়ী আবেদনকারী হতে প্রাপ্ত ছুটির আবেদনের প্রেক্ষিতে (যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে) যাচিত ছুটি অনুমোদন। | ১. নির্ধারিত ফরমে আবেদন<br>২. পিআরএল অনুমোদন আদেশ<br>৩. এলপিসি<br>৪. বৈধ উত্তরাধিকার ঘোষনাপত্র<br>৫. নমুনা স্বাক্ষর ও হাতের ৫ আঙ্গুলের ছাপ<br>৬. নাদাবীপ০ত্র<br>প্রাপ্তির স্থান: সংস্থার ওয়েবসাইট: www.jms.gov.bd | বিনা মূল্যে | ১৫ (পনের) কার্যদিবস। | জনাব মো: জহিরুল ইসলাম চৌধুরী<br>নির্বাহী অফিসার (সংযুক্ত) প্রশাসন, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা<br>মোবাইল: ০১৬৮৪৮৫৪৩৯৬ ও<br>জনাব মো: কামরুজ্জামান<br>জেলা কর্মকর্তা, (সংযুক্ত), প্রশাসন, জাতীয় মহিলা সংস্থা।<br>মোবাইল: ০১৭২৭৩৬৮৩৫৫ , ই-মেইল: kamruzzaman768@gmail.com |
| ০৫। | কর্মকর্তা/কর্মচারী দের বহি: বাংলাদেশ ছুটি, শিক্ষা ছুটি ও অন্যান্য অর্জিত ছুটির আবেদন প্রক্রিয়াকরণ। | ক. সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সংস্থার নির্বাহী পরিচালকের মাধ্যমে আবেদনের প্রেক্ষিতে।<br>খ) নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ অনুযায়ী। | ১. নির্ধারিত ফরমে আবেদন<br>২. বিদেশে কোন কর্মশালা বা সেমিনার বা প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে Invitation (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৩.অর্জিত (বহি: বাংলাদেশ) ছুটির ক্ষেত্রে ছুটি প্রাপ্যতার সনদ।<br>৪.বিগত ০১ বছরের বিদেশ ভ্রমণ বিবরণী;<br>৫. চিকিৎসা সনদ (প্রযোজ্যক্ষেত্রে)<br>ওয়েবসাইট: www.jms.gov.bd | বিনা মূল্যে | ০৭ (সাত) কার্যদিবস। | জনাব মো: জহিরুল ইসলাম চৌধুরী<br>নির্বাহী অফিসার (সংযুক্ত) প্রশাসন, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা<br>মোবাইল: ০১৬৮৪৮৫৪৩৯৬ ও<br>জনাব মো: কামরুজ্জামান<br>জেলা কর্মকর্তা, (সংযুক্ত), প্রশাসন, জাতীয় মহিলা সংস্থা।<br>মোবাইল: ০১৭২৭৩৬৮৩৫৫ , ই-মেইল: kamruzzaman768@gmail.com |
| ০৬। | শ্রান্তি বিনোদন ছুটি ও অন্যান্য ছুটি। | ক. সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সংস্থার নির্বাহী পরিচালকের মাধ্যমে আবেদনের প্রেক্ষিতে।<br>খ) নির্ধারিত ছুটি বিধিমালা ১৯৫৯ ও বাংলাদেশ চাকুরী (বিনোদন ভাতা) বিধিমালা ১৯৭৯ অনুসরণপূর্বক নিস্পত্তি।<br>গ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা। | ক. সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন।<br>২) ছুটি প্রাপ্যতা সংশ্লিষ্ট প্রমানপত্র।<br>৩) ছুটি প্রাপ্যতার প্রত্যয়ন (ঘোষিত কর্মকর্তার ক্ষেত্রে)। | বিনা মূল্যে | ০৭ (সাত) কার্যদিবস। | জনাব মো: জহিরুল ইসলাম চৌধুরী<br>নির্বাহী অফিসার (সংযুক্ত) প্রশাসন, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা<br>মোবাইল: ০১৬৮৪৮৫৪৩৯৬ ও<br>জনাব মো: কামরুজ্জামান<br>জেলা কর্মকর্তা, (সংযুক্ত), প্রশাসন, জাতীয় মহিলা সংস্থা।<br>মোবাইল: ০১৭২৭৩৬৮৩৫৫ , ই-মেইল: kamruzzaman768@gmail.com |



অনুলিপি: কার্যার্থে:

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তি স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ০৭। | প্রদেয় ভবিষ্যৎ তহবিল হতে অগ্রীম মঞ্জুরী। | ক. সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক সংস্থার নির্বাহী পরিচালকের মাধ্যমে আবেদনের প্রেক্ষিতে।<br>খ. ভবিষ্যৎ তহবিল নীতিমালা অনুসরণ।<br>গ) পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা। | ১. নির্ধারিত ফরমে আবেদন<br>২. ভবিষ্যৎ তহবিলে সর্বশেষ জমাকৃত অর্থের হিসাব বিবরণীর মূল কপি;<br>প্রাপ্তির স্থান: সংস্থার প্রধান কার্যালয় - এর হিসাব শাখা। | বিনা মূল্যে | ০৭ (সাত) কার্যদিবস। | জনাব মোঃ মনিরুজ্জামান<br>হিসাব রক্ষণ কর্মকর্তা<br>জাতীয় মহিলা সংস্থা<br>ফোনঃ ৯৩৫৪৪৫০।<br>মোবাইল: ০১৯২৩৭৮৫৭৬৭। ও<br>মো: সাইফুজ্জামান<br>অফিস সহকারী, জাতীয় মহিলা সংস্থা।<br>ই-মেইল: zamanjms477@gmail.com |
| ০৮। | দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেনীর কর্মকর্তা/ কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে আর্থিক অনুমোদনের প্রস্তাব প্রক্রিয়াকরণ। | ক. আবেদনের প্রেক্ষিতে প্রস্তাব যাচাই বাছাই পুর্বক সংস্থার মাধ্যমে নির্বাহী কমিটিতে প্রেরণ।<br>খ. পত্রের মাধ্যমে আবেদনকারীকে অবহিত করা। | ১. আবেদনপত্র।<br>২. মৃত্যু সনদ পত্র। | বিনা মূল্যে | ১৫ (পনের) কার্যদিবস। | জনাব মোঃ মনিরুজ্জামান<br>হিসাব রক্ষণ কর্মকর্তা<br>জাতীয় মহিলা সংস্থা<br>ফোনঃ ৯৩৫৪৪৫০।<br>মোবাইল: ০১৯২৩৭৮৫৭৬৭। ও<br>মো: সহিদুর রহমান<br>স্টোর ইনচার্জ, জাতীয় মহিলা সংস্থা।<br>ই-মেইল: zamanjms477@gmail.com |

**০৩। অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি (GRS) :**

**সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগে করুন। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে আপনার সমস্যা অবহিত করুন।**

| ক্র: নং | কখন যোগাযোগ করবেন | কোথায় যোগাযোগ করবেন | নিস্পত্তির সময়সীমা | যোগাযোগের ঠিকানা |
|---|---|---|---|---|
| ০১। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে<br>প্রযোজ্য নয়। | অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক)<br>প্রযোজ্য নয়। | ০২ দিন | পরিচালক (উপসচিব)<br>মোবাইল: ০১৭১৬-৬০৯৮৪৯<br>ই-মেইলঃ director@jms.gov.bd |

আপনার কাছে আমাদের প্রত্যাশা

| ক্র: নং | প্রতিশ্রুতি/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ০১) | নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পুরণকৃত আবেদন জমা প্রদান। |
| ০২) | সঠিক মাধ্যমে প্রয়োজনীয় ফিস পরিশোধ করা। |
| ০৩) | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বে উপস্থিত থাকা। |